



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.৯৭

তারিখ: ২৮/০৭/২০২১খ্রি:

**বিষয় : ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট মূল্যায়ন মনিটরিং প্রসঙ্গে।**

**সূত্র:** মাধ্যমিক শাখা: ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-২).০০১.২০-২৯৪, তারিখ-১৮/০৭/২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কোভিড ১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রেরিত ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত অ্যাসাইনমেন্ট প্রথম ধাপে ০৩(তিন) সপ্তাহের জন্য গত ১৮ জুলাই ২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক শাখা হতে মাউশি'র ওয়েবসাইটে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বর্ণিত নির্দেশনা পত্রের আলোকে মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট এর কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না তা এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী মনিটরিং করা প্রয়োজন।

সে লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) গণ তাঁদের নিজ নিজ অঞ্চলের সকল থানা/উপজেলা হতে প্রথম তিন (০৩) সপ্তাহের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদানের মোট সংখ্যা উপজেলা ভিত্তিক, জেলা ভিত্তিক এবং পরিশেষে নিজ নিজ অঞ্চলের তথ্য সার-সংক্ষেপ আকারে সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে আগামী ১৯/০৮/২০২১ তারিখের মধ্যে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং এর ই-মেইল- [assignment.mew@gmail.com](mailto:assignment.mew@gmail.com) এ প্রেরণ নিশ্চিত করবেন। উল্লেখ্য যে, মাউশি অধিদপ্তর হতে প্রদত্ত বিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং কোভিড-১৯ অতিমারির কারণে স্বাস্থ্যবিধিকে কোনক্রমেই উপেক্ষা করা যাবে না।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) গণকে তাঁদের নিজ নিজ অঞ্চলের সার-সংক্ষেপকৃত তথ্য সংযুক্ত ছক মোতাবেক বর্ণিত ই-মেইলে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন সংক্রান্ত তথ্য ছক (সার-সংক্ষেপ)।

#### উপ-পরিচালক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)


#### বিতরণ:

১. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
৪. প্রধান শিক্ষক, সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.৯৭

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে এবং মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান কর্নারে প্রকাশের অনুরোধসহ)
- ৩। পিএট্ট মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৪। পিএট্ট পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৫। সংরক্ষণ নথি।

  
28.07.2021

(প্রফেসর মো: আমির হোসেন)

পরিচালক


মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা



তারিখ: ২৮/০৭/২০২১খ্রি:

  
28/07/2021

(লাইলুন নাহার)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা